খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

## নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের নিম্নোক্ত শূণ্য পদগুলি সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নে বর্ণিত শর্ত পুরণ সাপেক্ষে ১-৭ ক্রমিকের পদসমূহের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের এবং ৮-১১ ক্রমিকের পদসমূহের জন্য খুলনা, বাগেরহাট ও যশোর জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যানের অনুকূলে যে কোন তফসিল ব্যাংক বরাবরে ১-৫ ক্রমিকের পদসমুহের জন্য ৫০০/-(পাঁচ শত), ৬-৭ ক্রমিকের পদসমূহের জন্য ৩০০/-(তিন শত) টাকা, ৮-৯ ক্রমিকের পদসমূহের জন্য ১০০/-(এক শত) টাকা এবং ১০-১১ ক্রমিকের পদসমূহের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ সাদা কাগজে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | জাতীয় বেতন স্কেল'২০১৫ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১। | টাউন প্ল্যানার | ০১ | অনুর্দ্ধ ৪০ বছর | (৪র্থ গ্রেড) ৫০০০০-৭১২০০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নগর ও গ্রামীণ পরিকল্পনা (Urban and Rural Planning) বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা পুরকৌশল/ স্থাপত্যে স্নাতক ডিগ্রিসহ নগর ও গ্রামীন পরিকল্পনা (Urban and Rural Planning) বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১৫(পনের) বছরের চাকরির অভিজ্ঞতা। |
| ০২. | স্থপতি | ০১ | অনুর্দ্ধ ৪০ বছর | (৬ষ্ঠ গ্রেড) ৩৫৫০০-৬৭০১০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্থাপত্যে স্নাতক ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১০(দশ) বছরের চাকরির অভিজ্ঞতা। |
| ০৩. | সহকারী প্রোগ্রামার | ০১ | অনুর্দ্ধ-৩০ বছর | (৯ম গ্রেড) ২২০০০-৫৩০৬০ | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা প্রকৌশলে অথবা কম্পিউটার সায়েন্সে স্নাতক ডিগ্রি।<br>(খ) কম্পিউটার প্রোগ্রামিং এ স্বাভাবিক দক্ষতা পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৪. | সহকারী প্রকৌশলী (পুর) | ০১ | অনুর্দ্ধ ৩০ বছর | (৯ম গ্রেড) ২২০০০-৫৩০৬০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পুর প্রকৌশলে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি। |
| ০৫. | সহকারী টাউন প্ল্যানার | ০১ | অনুর্দ্ধ ৩০ বছর | (৯ম গ্রেড) ২২০০০-৫৩০৬০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নগর ও গ্রামীণ পরিকল্পনা (Urban and Rural Planning) বিষয়ে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি। |
| ০৬. | উপ-সহকারী প্রকৌশলী (পুর) | ০১ | অনুর্দ্ধ ৩০ বছর | (১০ম গ্রেড) ১৬০০০-৩৮৬৪০ | কোন স্বীকৃত বোর্ড হতে পুরকৌশলে ডিপ্লোমা ডিগ্রী। প্রথম শ্রেণিপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৭. | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) | ০১ | অনুর্দ্ধ ৩০ বছর | (১০ম গ্রেড) ১৬০০০-৩৮৬৪০ | কোন স্বীকৃত বোর্ড হতে বিদ্যুৎ প্রকৌশলে ডিপ্লোমা ডিগ্রি। প্রথম শ্রেণিপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৮. | কার্য্য সহকারী | ০১ | অনুর্দ্ধ ৩০ বছর | (১৬তম গ্রেড) ৯৩০০-২২৪৯০ | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ০৯. | সার্ভেয়ার | ০১ | অনুর্দ্ধ ৩০ বছর | (১৬তম গ্রেড) ৯৩০০-২২৪৯০ | সরকার অনুমোদিত ২(দুই) বছর মেয়াদী সার্ভে কোর্স সার্টিফিকেটসহ কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০. | নিরাপত্তা প্রহরী | ১০ | অনুর্দ্ধ ৩০ বছর | (২০তম গ্রেড) ৮২৫০-২০০১০ | অষ্টম শ্রেণি উত্তীর্ণ হতে হবে। |
| ১১. | পরিচ্ছন্নতা কর্মী | ০১ | অনুর্দ্ধ ৩০ বছর | (২০তম গ্রেড) ৮২৫০-২০০১০ | অষ্টম শ্রেণী উত্তীর্ণ হতে হবে। পেশাদার সুইপার শ্রেণিকে অগ্রাধিকার দেওয়া হবে। |

## শর্তাবলী

০১। ক্রমিক ১-৭ এর প্রার্থীদেরকে অবশ্যই বাংলাদেশের এবং ৮-১১ ক্রমিকের প্রার্থীদের খুলনা, বাগেরহাট ও যশোর জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। আবেদন অবশ্যই স্ব-হস্তে লিখিত এবং স্বাক্ষরিত হতে হবে। টাইপ/কম্পিউটার কম্পোজকৃত আবেদন গ্রহণযোগ্য নয়।

০৩। সাদা কাগজে (স্পষ্ট অক্ষরে) আবেদনকারীর পূর্ণ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, ফোন/মোবাইল নম্বর, নিজ জেলার নাম, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, জাতীয়তা, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখপূর্বক আবেদন চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা এর বরাবর আগামী ২৩/০১/২০২০ তারিখের মধ্যে ডাকযোগে বা সরাসরি অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৪। ২৩/০১/২০২০ তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীর বয়স ১৮ থেকে পদের পার্শ্বে উল্লিখিত বয়সসীমার মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। তবে মুক্তিযোদ্ধার নাতি/ নাতনীর ক্ষেত্রে বয়স ৩০ বৎসর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্রাদির ছায়াকপি (প্রথম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে) সংযুক্ত করতে হবে।

ক) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি।

খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত অনুলিপি ০১ (এক) কপি।

গ) প্রার্থীর স্থায়ী ঠিকানার সমর্থনে নিজের/ পিতার/স্বামীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সমূহের সত্যায়িত অনুলিপি।

ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সিল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

চ) অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।

ছ) মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা/ নাতি/ নাতনীর ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা/ মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় প্রধানমন্ত্রী/ উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদের সত্যায়িত অনুলিপি।

জ) প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা/ নাতি/ নাতনী হলে মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক উল্লেখ পূর্বক পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রত্যায়নপত্র দাখিল করতে হবে।

ঝ) উপজাতীয় প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৬। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা/ নাতি/ নাতনী হিসেবে চাকরি প্রার্থীকে আবেদনের উপর অবশ্যই মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা/ নাতি/ নাতনী স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।

০৭। সরকারী / আধা সরকারী / স্বায়ত্ত্বশাসিত/বেসরকারী সংস্থায় কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে ঘোষিত নির্দেশ অনুযায়ী সকল শ্রেণির নিয়োগ কোটা সংরক্ষণ করা হবে।

০৯। খামের উপর আবেদনকৃত পদ ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

১০। প্রাপ্ত আবেদনের সাথে জমাকৃত কোন কাগজপত্র ফেরত দেওয়া হবে না এবং যে কোন পদের ক্ষেত্রে নির্ধারিত তারিখের পরে কোন কাগজপত্র/ প্রত্যায়নপত্র গ্রহণ করা হবে না।

১১। প্রার্থীর বর্তমান ঠিকানা লিখিত ও দশ টাকা মূল্যের ষ্ট্যাম্পযুক্ত ২৮ × ১১ সেঃ মিঃ সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।

১২। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থান ও তারিখে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন/ পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস/ বৃদ্ধি করতে পারবেন।

১৪। প্রার্থীত পদের সমর্থনে যে কোন ভূয়া সনদপত্র জমা দিলে বা মিথ্যা ঘোষণা দিলে সংশ্লিষ্ট আবেদন অযোগ্য বলে বিবেচনা করা হবে। তাছাড়া প্রার্থীর পক্ষে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৫। একই ব্যক্তির দুই পদের জন্য আবেদন গ্রহণ করা হবে না।

১৬। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীর পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষায় কোন প্রকার বিরূপ তথ্য পাওয়া গেলে তিনি নিয়োগ লাভে অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন/ বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। আবেদনপত্র গ্রহণ ও বাতিলসহ নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন, শিক্ষাগত যোগ্যতার সকল সনদপ্রত্র, অভিজ্ঞতার সনদপত্র, কম্পিউটার টাইপিং এর সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমানক সনদপত্রের মূল কপি উপস্থাপন/ দাখিল করতে হবে।

স্বাঃ

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল মুকিম সরকার,
পিবিজিএম,এনডিসি,পিএসসি)

চেয়ারম্যান
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।
ফোন-(০৪১)৭২২০৫৯
ই-মেইল-kda@kda.gov.bd